



এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট

আপনার পরিবারের জন্য টাকা – শিশু প্রতি সর্বোচ্চ 1,000 ডলারের জন্য এখনই পদক্ষেপ নিন

নিউ ইয়র্কের সম্প্রতি বর্ধিত এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit, ESCC) এর মাধ্যমে নিউ ইয়র্কের অনেক পরিবারই নিউ ইয়র্ক স্টেট আয়কর রিটার্ন দাখিল করে প্রতি সন্তানের জন্য সর্বোচ্চ 1,000 ডলার পর্যন্ত পেতে পারে। যদি আপনার আয় না থাকার কারণে অথবা আপনার উপার্জন অত্যন্ত কম হওয়ার কারণে আপনার কর ধার্য না হয়ে থাকে, তাহলে আপনি এই টাকা নগদ ফেরত হিসেবে পেতে পারেন। যদি আপনার কর বকেয়া থাকে, তাহলে এই ক্রেডিট সেই বকেয়া মিটিয়ে আপনাকে অতিরিক্ত নগদ অর্থও প্রদান করতে পারে।

আমি কি যোগ্য?

যোগ্য হওয়ার জন্য, আপনাকে অবশ্যই:

- একটি সম্পূর্ণ বছর ধরে নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা হতে হবে
- 31 ডিসেম্বর 2025 তারিখের মধ্যে 17 বছরের কম বয়সী অন্তত একটি যোগ্য শিশু থাকতে হবে
- একটি নিউ ইয়র্ক স্টেট আয়কর রিটার্ন ফাইল করুন – কীভাবে করবেন এখান থেকে জানুন: www.tax.ny.gov/pit/file/

আমি কত টাকা পেতে পারি?

আপনি 4 বছরের কমবয়সী প্রতি শিশু পিছু 1,000 ডলার এবং 4 থেকে 16 বছর বয়সী প্রতি শিশু পিছু 330 ডলার করে সর্বোচ্চ পেতে পারেন। বিবাহিতদের যৌথভাবে ফাইলিং করার দরুণ আপনার আয় 110,000 ডলারের বেশি হলে, অথবা অন্যান্য ফাইলারদের জন্য 75,000 ডলারের বেশি হলে ক্রেডিট ধীরে ধীরে হ্রাস পাবে।

আমার যদি কোনো আয় না থাকে বা অত্যন্ত কম আয় থাকে তাহলে কী হবে?

এই ক্রেডিটের যোগ্য হওয়ার জন্য আপনার আয় থাকার প্রয়োজন নেই। যদি আপনার কোন আয় না থাকে অথবা আপনার আয় 4,000 ডলারের নিচে হয়, তাহলে আপনার কর দিতে হবে না এবং আপনি নিউ ইয়র্ক স্টেট আয়কর রিটার্ন ফাইল করে ক্যাশব্যাক হিসেবে সম্পূর্ণ ক্রেডিট পেতে পারেন।

যদি আমার আয় 4,000 ডলারের বেশি হয় এবং আমার কর বকেয়া আছে কিনা আমি না জানি তাহলে কী হবে?

যদি আপনার আয় 4,000 ডলারের বেশি হয়, তাহলে ক্রেডিট দাবি করার জন্য একটি নিউ ইয়র্ক স্টেট আয়কর রিটার্ন ফাইল করুন। যদি আপনার কর বকেয়া না থাকে, তাহলে আপনি ক্যাশব্যাক হিসেবে সম্পূর্ণ ক্রেডিট পেতে পারেন। যদি আপনার অল্প পরিমাণ কর বকেয়া থাকে, তাহলে এই ক্রেডিট সেই বকেয়া মিটিয়ে আপনাকে কিছু অতিরিক্ত নগদ অর্থও প্রদান করতে পারে।

এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট পেলে কি আমি আমার সুবিধাগুলো হারাতে পারি?

না। এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট পেলে, তা আপনার Medicaid, সম্পূর্ণক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP), সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income, SSI), নগদ সহায়তা (cash assistance) বা আবাসন সহায়তা (housing assistance) পাওয়ার উপর প্রভাব ফেলবে না। আপনি যদি আপনার রিফান্ড সঞ্চয় করতে চান, তাহলে এটি 12 মাসের সম্পদের সীমার সাথে গণনা করা হবে না।

আমি কীভাবে এই ক্রেডিট পাবো?

একটি নিউ ইয়র্ক স্টেট আয়কর রিটার্ন ফাইল করে এবং আপনার এবং নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ফর্ম IT-213 এ আপনার তালিকাভুক্ত প্রত্যেক শিশুর জন্য একটি বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর (Social Security number, SSN) বা ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number, ITIN) প্রদান করে আপনার এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট পান। আপনি 15 এপ্রিল 2026 তারিখের মধ্যে আপনার ট্যাক্স রিটার্ন দাখিলের জন্য বিনামূল্যে সাহায্য পেতে পারেন।

আমি কীভাবে বিনামূল্যে আপনার রিটার্ন ফাইল করতে পারি?

বিনামূল্যে আয়কর ফাইল করার সংস্থান কর বিভাগ (Tax Department) এর ওয়েবসাইটে রয়েছে: www.tax.ny.gov (অনুসন্ধান করুন: free)



এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট সম্পর্কে আরও তথ্য জানতে স্ক্যান করুন।

otda.ny.gov/ChildCredit

